গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd

**জুলাই/২০২৬ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ সাইফুল হাসান<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ৩০/০৭/২০২৬ খ্রি |
| সভার সময় | বৃহস্পতিবার, সকাল ১১:০০ টা |
| স্থান | আইসিটি অধিদপ্তরের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | আইসিটি অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মরত কর্মকর্তাগণ |

সভাপতি সভার শুরুতেই উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও প্রশাসন) বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম. | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকা |
|---|---|---|---|
| ১। | **গত সভার কার্যবিবরণী অনুমোদনঃ**<br>সভায় গত সভার কার্যবিবরণী উপস্থাপন করা হলে সভাপতি উপস্থিত সদস্যদের কাছে জানতে চান, উক্ত কার্যবিবরণীতে কোনো সংযোজন, বিয়োজন বা সংশোধনীর প্রস্তাব আছে কিনা এবং তাঁরা যথাযথভাবে তা পাঠ করেছেন কিনা। সভায় আরও উল্লেখ করা হয় যে প্রতিমাসে কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে নিয়মিত আলোচনা করা হবে। | কার্যবিবরণীতে কোনো সংযোজন বা বিয়োজন না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো। | প্রশাসন শাখ |

<table>
<tr>
<td>২।</td>
<td>
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ট্রেইনিং সংক্রান্ত তথ্য:<br><br>
২.১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মাঠপর্যায় ও প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত সকল প্রশিক্ষণের তথ্য সমন্বিত ডাটাবেজ কেন্দ্রীয়ভাবে সংরক্ষণের কার্যক্রম সম্পন্ন হওয়ার বিষয়টি সভায় অবহিত করা হয়।<br><br>
২০২৫–২৬ অর্থবছরে উপজেলা পর্যায়ে প্রদেয় ৩৯,০০০ টাকার তথ্য:<br><br>
<table>
<tr><th>বরাদ্দকৃত উপজেলা</th><th>তথ্য প্রদান করেছে</th><th>তথ্য প্রদান করেনি</th></tr>
<tr><td>৩২০</td><td>৩১৯</td><td>১</td></tr>
<tr><td></td><td>প্রশিক্ষণ করিয়েছে কিন্তু বাজেট উত্তোলন করতে পারেনি</td><td>১১</td></tr>
<tr><td></td><td>প্রশিক্ষণ ও বাজেট উত্তোলন করতে পারেনি</td><td>১৭</td></tr>
</table><br>
২.২। SOMS অ্যাপ্লিকেশনে প্রশিক্ষণ-সংক্রান্ত তথ্য সংরক্ষণের জন্য প্রয়োজনীয় ডাটা ও মডিউল সংযোজনের উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা হয়। এ সময় জানানো হয় যে, ডিজিটাল মার্কেটিং বিষয়ক ফ্রিল্যান্সার প্রশিক্ষকদের প্রশিক্ষণের (ToT) শীর্ষক ০৫ (পাঁচ) দিনব্যাপী ০১ (এক)টি ব্যাচে ২৫ (পঁচিশ) জন এবং Project & Office Management Training with AI শীর্ষক ০৫ (পাঁচ) দিনব্যাপী ০১ (এক)টি ব্যাচে ৪০ (চল্লিশ) জনের প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন হয়েছে।<br><br>
২.৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের যেসব কর্মকর্তা এখনও বুনিয়াদি প্রশিক্ষণ সম্পন্ন করেনি, তাদের তথ্য সংগ্রহের অগ্রগতি বিষয়ে আলোচনা হয়। এ সময় জানানো হয় যে, বুনিয়াদি প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য সংগ্রহের জন্য মাঠপর্যায়ে পত্র প্রেরণ করা হয়েছে এবং প্রাপ্ত তথ্য অনুযায়ী এখন পর্যন্ত ১৫ (পনেরো) জন কর্মকর্তা বুনিয়াদি প্রশিক্ষণ সম্পন্ন করেননি। এ কর্মকর্তাগণকে প্রশিক্ষণের আওতায় আনার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়।
</td>
<td>
২.১। যেসব উপজেলা কার্যালয় নির্ধারিত সময়ের মধ্যে প্রশিক্ষণ-সংক্রান্ত তথ্য প্রদান করেনি, তারা এ বিষয়ে ব্যাখ্যা প্রদান করবেন।<br><br>
২.২। নির্ধারিত সময়ে তথ্য প্রদান না করায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের পটুয়াখালী জেলার দশমিনা উপজেলা কার্যালয়কে কারণ দর্শানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>
২.৩। জাতীয় সংসদের প্রশ্নোত্তর প্রদানের নিমিত্ত প্রশিক্ষণ সংক্রান্ত Database হালনাগাদ রাখতে হবে।
</td>
<td>
১। সংশ্লিষ্ট শ<br>প্রধানগণ<br>২। সহক<br>প্রোগ্রামার<br>(প্রশাসন)<br>৩। প্রশি<br>কমিটি
</td>
</tr>
<tr>
<td>৩।</td>
<td>
নিয়োগ বিধিমালা ও সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ:<br>
৩.১। আইসিটি অধিদপ্তরের নিয়োগ বিধিমালায় মহাপরিচালক পদকে গ্রেড-২ থেকে গ্রেড-১ এ উন্নীতকরণ জন্য বেতনস্কেল যাচাই ও গ্রেড নির্ধারণের বিষয়ে আইসিটি বিভাগ থেকে অর্থ বিভাগে ০২/০৭/২০২৪ তারিখে দুটি পৃথক স্মারক প্রেরণ করা হয়। পরবর্তীতে অর্থ বিভাগ থেকে প্রয়োজনীয় তথ্য চেয়ে ২৪/১২/২০২৪ তারিখে আইসিটি বিভাগ একটি পত্র পাঠায়। এর প্রেক্ষিতে ২৩/০২/২০২৫ তারিখে আইসিটি বিভাগে প্রয়োজনীয় তথ্যসহ একটি উত্তর প্রেরণ করা হয়। পরবর্তীতে ০৬/০৩/২০২৫ তারিখে অর্থ বিভাগের যাচিত তথ্যসহ আইসিটি বিভাগ পুনরায় পত্র প্রেরণ করে। বিষয়টি নিয়ে আইসিটি বিভাগ ও অর্থ বিভাগের মধ্যে যোগাযোগ অব্যাহত রয়েছে।<br>
৩.২। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো (TO&E) সংশোধন ও হালনাগাদকরণের লক্ষ্যে আইসিটি বিভাগ হতে ২৪/০৬/২০২৬ তারিখের ৫৬.০০.০০০০.০০০.০৫৪.১১.০০০১.১৭.৭২ স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে। এ ব্যাপারে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে আলোকপাত করা হয়।<br>
৩.২। নতুন পদ সৃজন ও নিয়োগ বিধিমালা সংশোধনের জন্য মহাপরিচালক মহোদয়ের নির্দেশনায় ১৯/০২/২০২৬ তারিখে পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)-কে প্রধান করে একটি কমিটি পুনঃগঠন করা হয়েছে। পুনঃগঠিত কমিটিতে ০৫ (পাঁচ) জন সদস্যের নাম পাওয়া গেছে। শুধু PSC হতে সদস্যদের নাম সংগ্রহের চেষ্টা চলছে বলে সভাকে অবহিত করা হয়।
</td>
<td>
৩.১। আইসিটি অধিদপ্তরেরর নিয়োগ বিধিমালায় মহাপরিচালক পদকে গ্রেড-২ থেকে গ্রেড-১ এ উন্নীতকরণের নিমিত্ত বেতনস্কেল যাচাই/ভেটিংয়ের জন্য নিমিত্ত আইসিটি বিভাগ ও অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>
৩.২। নতুন পদ সৃজন ও নিয়োগ বিধিমালা সংশোধনপূর্বক গঠিত কমিটির প্রস্তাব অনতিবিলম্বে বিভাগে প্রেরণ করতে হবে।<br><br>
৩.৩। নতুন পদ সৃজন ও নিয়োগ বিধিমালা সংশোধনের লক্ষ্যে পুনর্গঠিত কমিটিতে পিএসসি'র একজন সদস্যকে অন্তর্ভুক্ত করে কমিটির সভা আহ্বানপূর্বক দ্রুত কার্যক্রম সম্পন্ন করতে হবে।
</td>
<td>
১। পরিচা<br>(অর্থ ও প্রশাস<br>২। উপ-পরিচা<br>(প্রশাসন)<br>৩। ওয়েবসা<br>এ্যাডমিনিস্ট্রেট<br>(সিস্টেম<br>প্রশিক্ষণ)<br>৫। সহক<br>প্রোগ্রামার<br>(প্রশাসন)
</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ৪। | **কর্মকর্তা/কর্মচারীদের জ্যেষ্ঠতা নির্ধারণ সংক্রান্ত:**<br><br>৪.১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ৬ষ্ঠ থেকে ১০ম গ্রেডভুক্ত কর্মকর্তাদের জ্যেষ্ঠতা নির্ধারণের লক্ষ্যে গত ০২/০৫/২০২৪ তারিখের ৩৮৪ নং স্মারক পত্রমূলে একটি কমিটি গঠন করে খসড়া তালিকা প্রস্তুত করার নির্দেশ দেওয়া হয়। পরবর্তীতে ০২/০৭/২০২৪ তারিখের ৩১৮ নং স্মারক পত্রমূলে সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাই করে স্থায়ীকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণের জন্য মতামত/সুপারিশ প্রদানের উদ্দেশ্যে পুনরায় একটি কমিটি গঠন করা হয়। অধিদপ্তরের প্রায় ৬০০ কর্মকর্তা (৬ষ্ঠ ও ৯ম গ্রেডের ME, NE, P, DA, WA, AD, AP, ANE পদে কর্মরত) এর ফিডার পদ ও তথ্যাদি যাচাই সাপেক্ষে ভিন্ন ভিন্ন তালিকা প্রস্তুত করে পর্যায়ক্রমে জ্যেষ্ঠতা তালিকা প্রণয়নের বিষয়ে আলোচনা হয়।<br><br>৪.২। অপরদিকে, অধিদপ্তরের ১৩তম থেকে ১৬তম গ্রেডভুক্ত কর্মচারীদের জ্যেষ্ঠতা তালিকা প্রণয়নের জন্য গত ১৫/০৪/২০২৬ তারিখে স্মারক নং ৫৬.০৪.০০০০.০০০.০০৮.৩২.০০০১.২৩.৩২৬ এর মাধ্যমে খসড়া জ্যেষ্ঠতা তালিকা প্রকাশ করা হয়েছে। প্রকাশিত খসড়া তালিকা অনুযায়ী ১৭টি জ্যেষ্ঠতা তালিকা/শিক্ষাগত যোগ্যতা সংশোধনের আবেদন উত্থাপিত হয়েছে, যা পর্যালোচনা ও নিষ্পত্তির প্রয়োজন রয়েছে। এ লক্ষ্যে আগামী ০৬/০৭/২০২৬ তারিখে একটি সভা আহ্বান করা হয়েছে। | ৪.১। অধিদপ্তরে ৬ষ্ঠ ও ৯ম গ্রেডের বিভিন্ন পদের (ME, NE, P, DA, WA এবং AD, AP, ANE) প্রায় ৬০০ কর্মকর্তার মধ্যে ফিডার পদ এবং তালিকা ও তথ্যাদি প্রস্তুত সাপেক্ষে বিভিন্ন পদের কর্মকর্তাদের ভিন্ন ভিন্ন তালিকা পর্যায়ক্রমে প্রস্তুত করে জ্যেষ্ঠতার তালিকা প্রণয়নের প্রস্তাব নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে আইসিটি বিভাগে প্রেরণ করতে হবে।<br><br>৪.২। অধিদপ্তরের ১৩তম থেকে ১৬তম গ্রেডের জ্যেষ্ঠতা তালিকা দ্রুত চূড়ান্ত করতে হবে। | ১। অতি<br>মহাপরিচালক<br>২। পরিচা<br>(অর্থ ও প্রশাস<br>৩। উপ-পরিচা<br>(প্রশাসন)<br>৪। সহক<br>প্রোগ্রামার<br>(প্রশাসন) |
| ৫। | **অধিদপ্তরের বিভিন্ন শূন্য পদে নিয়োগ:**<br>৫.১। অধিদপ্তরের ১৮৬০ পদের বিপরীতে বিভিন্ন ক্যাটাগরিতে ৮৬৩টি পদ শূন্য রয়েছে। ২০২৬-২৭ অর্থবছরের GPMS-এ শূন্য পদ পূরণে ১৮ জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। পদসমূহ নিম্নরূপ:<br>১. কম্পিউটার অপারেটর গ্রেড -১৩, পদসংখ্যা-১৬<br>২. অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, গ্রেড -১৬, পদসংখ্যা -১<br>৩. প্লাম্বার গ্রেড -১৬, পদসংখ্যা-১<br>এছাড়া মামলা সংশ্লিষ্ট শূন্য পদের বিষয়ে আদালতের আদেশ পর্যালোচনা করে আইনজীবীর মতামত গ্রহণপূর্বক বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। | ৫.১। বর্ণিত ১৮টি শূণ্যপদে নিয়োগ কার্যক্রমের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। অতি<br>মহাপরিচালক<br>২। উপ-পরিচা<br>(প্রশাসন)<br>৩। সহক<br>প্রোগ্রামার<br>(প্রশাসন) |

| | | | |
|---|---|---|---|
| ৬। | **মামলা পরিচালনা:**<br>৬.১। মামলাসমূহের অগ্রগতি পর্যালোচনা ও দ্রুত নিষ্পত্তিকরণ সংক্রান্ত গঠিত কমিটির প্রস্তাব মতে চলমান ও বিচারাধীন মামলাসমূহের দ্রুত ও কার্যকর নিষ্পত্তি নিশ্চিতকরণের লক্ষ্যে প্রতিটি মামলা পৃথকভাবে পর্যালোচনা করে দফাওয়ারি জবাব প্রস্তুত, অধিদপ্তরের নিযুক্ত আইনজীবীকে প্রয়োজনীয় নির্দেশনা ও প্রশাসনিক-আর্থিক সহায়তা প্রদান এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সলিসিটর শাখা ও সংশ্লিষ্ট হাইকোর্ট বিভাগের রিট শাখার সঙ্গে নিয়মিত সমন্বয় ও যোগাযোগ অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়।<br>মামলা পরিচালনাঃ আইসিটি অধিদপ্তরে মামলাগুলোর বর্তমান অবস্থা নিম্নরূপঃ<br>হাইকোর্ট ডিভিশনের রিট মামলা<br>▪ **১৮০৩৬/২০১৭:** শুনানির জন্য কার্যতালিকায় ছিল। এখতিয়ার পরিবর্তনের কারণে নতুন বেঞ্চে দাখিলের প্রস্তুতি চলছে। মামলার আধিক্যের কারণে শুনানি ও নিষ্পত্তিতে সময় লাগছে।<br>▪ **৫১৮১/২০১৮:** নতুন বেঞ্চে শুনানির জন্য উপস্থাপনের কার্যক্রম চলমান।<br>▪ **১৯১০/২০১৯:** এসএফ জমা দেওয়া হয়েছে। ১৩/০৫/২০২৬ তারিখে শুনানি হওয়ার কথা থাকলেও সামার ভেকেশনের কারণে স্থগিত হয়েছে; ভেকেশনের পর শুনানি হবে।<br>▪ **৫৬৯০/২০১৯:** আপিল বিভাগে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং ১৪২৮/২০২৪ দায়ের করা হয়েছে। আইনগত পদক্ষেপ গ্রহণ ও দ্রুত শুনানির ব্যবস্থা চলছে।<br>▪ **৭৩৯২/২০২৪:** দ্রুত শুনানির ব্যবস্থা গ্রহণের কার্যক্রম চলমান।<br>▪ **৩০১/২০২৪:** বাদী মামলা প্রত্যাহারের আবেদন করেছেন। প্রয়োজনীয় তথ্য হাইকোর্টে দাখিলের জন্য প্রকল্প দপ্তরকে অবহিত করতে হবে।<br>▪ **৭০৬১/২০২৫:** দফাওয়ারি জবাব প্রস্তুতের জন্য আইনজীবীকে নির্দেশ দেওয়া হয়েছে; দ্রুত জমা দেওয়া হবে।<br>▪ **২০৫৮/২০২৫ (৭০৬১/২০২৫ হতে উদ্ভূত):** আপিলের জবাব প্রস্তুতের কার্যক্রম চলমান; দ্রুত জমা দেওয়া হবে।<br>▪ **১১৮০৯/২০২৫:** মামলার রেকর্ড সংগ্রহ করা হয়েছে; আইনগত কার্যক্রম গ্রহণের প্রক্রিয়া চলমান।<br>▪ **প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা**<br>▪ **১৫২/২০২৪:** এসএফ দাখিল করা হয়েছে। ১২/০১/২০২৫ তারিখে শুনানি অনুষ্ঠিত হয়েছে। ২০১৯ সালে নিয়োগপ্রাপ্ত সহকারী প্রোগ্রামারগণ সময় চেয়েছেন। পরবর্তী শুনানি ১১/০৬/২০২৬ তারিখে নির্ধারিত।<br>▪ **১৬১/২০২৪:** এসএফ দাখিল করা হয়েছে। ১২/০১/২০২৫ তারিখে শুনানি অনুষ্ঠিত হয়েছে। সহকারী প্রোগ্রামারগণ সময় চেয়েছেন। পরবর্তী শুনানি ১১/০৬/২০২৬ তারিখে নির্ধারিত।<br>অধিকাংশ রিট মামলা নতুন বেঞ্চে শুনানির অপেক্ষায় বা আপিল প্রক্রিয়ায় রয়েছে।একটি মামলায় বাদী প্রত্যাহারের আবেদন করেছেন, আবার কিছু মামলায় দফাওয়ারি জবাব প্রস্তুত চলছে। প্রশাসনিক ট্রাইব্যুনালের দুটি মামলায় শুনানি কার্যক্রম চলমান রয়েছে। | ৬.১। চলমান মামলাসমূহের সর্বশেষ অগ্রগতি এবং এ সংক্রান্ত প্রয়োজনীয় করণীয় বিষয়ে অধিদপ্তরের নিযুক্ত আইনজীবীর মতামত গ্রহণ করে আগামী ১৫ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে বিভাগে প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br><br>৬.২। অধিদপ্তরের মামলাসমূহের দ্রুত নিষ্পত্তি নিশ্চিতকরণের লক্ষ্যে আইনজীবীকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা যেতে পারে। মামলা নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় ক্ষেত্রে তিনি তাঁর যৌক্তিক চাহিদাসমূহ অধিদপ্তরে উপস্থাপন করতে পারেন।<br><br>৬.৩। প্রতিটি মামলা পৃথকভাবে পর্যালোচনা করে SF (Statement of Facts) প্রস্তুতপূর্বক যথাসময়ে দাখিলের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। অতি<br>মহাপরিচালক<br>২। সহক<br>প্রোগ্রামার<br>৩। (সেবা)<br>ফোকাল পয়েন<br>কমিটি মা<br>নিষ্পত্তি |
| ৭। | **প্রতিবেদন/রিপোর্ট প্রেরণঃ**<br>৭.১। মাসিক সমন্বয় সভার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন, ১৮০ দিনের কর্মসূচী, জিপিএমএস, জাতীয় সংসদের প্রশ্নোত্তর, প্রকল্প অগ্রগতি, এডিপি, বাজেট, অডিট, মাসিক মন্ত্রিপরিষদ প্রতিবেদন, অনুমোদিত, বিদ্যমান ও শূন্য পদের বিবরণ ত্রৈমাসিক প্রতিবেদন, বিবিধ তথ্য ও সংস্কার অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে নির্ভুলভাবে সকল প্রতিবেদন প্রেরণ নিশ্চিতকরণে গুরুত্বারোপ করা হয়। | ৭.১। যথাসময়ে সকল প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১। সংশ্লিষ্ট শ<br>প্রধানগণ<br>২। জনাব<br>আশিক আক<br>ডাটা<br>এন্ট্রি/কন্ট্রোল<br>সুপারভাইজার<br>(প্রশাসন) |

৮।

**ডি-নথিঃ**

৮.১। মে/২০২৬ মাসের ডি-নথি কার্যক্রমে নিম্নরূপ তথ্য সভায় উপস্থাপন করা হয়ঃ

| মোট নথি নিষ্পত্তিকৃত | | | | | মোট পত্রজারি |
|---|---|---|---|---|---|
| তৈরিকৃত নথির সংখ্যা | ডাক নোটে নিষ্পত্তি (ক) | নোটে নিষ্পত্তি (খ) | পত্রজারিতে নিষ্পন্ন নোট (গ) | মোট (ক+খ+গ) | |
| ৭ | ১১ | ২৪ | ১৫২ | ১৮৭ | ১৮৫ |

৮.২। সভায় ডি-নথিতে শতভাগ পত্র নিষ্পত্তির করার বিষয়ে আলোচনা হয়

৮.৩। ডি-নথি সিস্টেমে Cyber Attack রোধকল্পে বিসিসি কর্তৃক আইসিটি অধিদপ্তরকে গত ১৯/০৩/২৪ তারিখে ১০০০টি ই-সাইনের মিনি বান্ডেল প্রদান করা হয়েছে। তন্মধ্যে ২৭১ টি ই-সাইন ব্যবহৃত হয়েছে।

**সিদ্ধান্ত:**

৮.১। ডি-নথিতে শতভাগ পত্র নিষ্পত্তি নিশ্চিত করতে হবে।

৮.২। ডি-নথির তথ্য বিস্তারিত আকারে উপস্থাপন করতে হবে।

৮.৩। ডেস্ক অফিসার পর্যায়ে জারিকৃত সকল পত্রে ই-সাইন নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নে:**

১। শাখা-অধিশাখা প্রধানগণ

২। ওয়েবসা এ্যাডমিনিস্ট্রেট (সিস্টেম প্রশিক্ষণ)

৩। সহব নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (প্রশাসন)

৯।

**পরিদর্শন:**

৯.১। জুন/২০২৬ মাসের জেলা/উপজেলা কার্যালয়ের পরিদর্শন উপস্থাপিত হয়:-

| জুন ২০২৬ | মোট পরিদর্শন | | মোট (বিভাগ ভিত্তিক) |
|---|---|---|---|
| | আইসিটিডি ডিজিটাল ল্যাব | আইসিটিডি স্কুল অব ফিউচার | |
| খুলনা | ১১৬ | ৪ | ১২০ |
| চট্টগ্রাম | ১০৯ | ৫ | ১১৪ |
| ঢাকা | ১০২ | ২ | ১০৪ |
| বরিশাল | ২৫ | ১ | ২৬ |
| ময়মনসিংহ | ৭ | ১ | ৮ |
| রংপুর | ৪৭ | ১ | ৪৮ |
| রাজশাহী | ২৮ | ৪ | ৩২ |
| সিলেট | ৫ | ০ | ৫ |
| **মোট** | **৪৩৯** | **১৮** | **৪৫৭** |

৯.২। ৩০০টি ডিজিটাল স্কুল অব ফিউচার এবং ৯০০১টি আইসিটিডি ল্যাবের সর্বশেষ অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে হালনাগাদ তথ্য সংগ্রহ করে গঠিত কমিটির নিকট নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের বিষয়ে আলোচনা হয়।

৯.৩। পরিদর্শন সংক্রান্ত কমিটি SOMS সফটওয়্যারের পরিদর্শন (Inspection) মডিউলে প্রতিবেদনসমূহের কার্যকর শ্রেণিবিন্যাস নিশ্চিতকরণের লক্ষ্যে "প্রধান কার্যালয়", "আইসিটি শিক্ষা প্রতিষ্ঠান ল্যাব প্রকল্প" এবং "ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প (ইডিসি)" পৃথক ক্যাটাগরি হিসেবে সংযোজনপূর্বক প্রয়োজনীয় কারিগরি উন্নয়ন সম্পন্ন করার বিষয়ে সুপারিশ করে।

**৯.৪। নিম্নবর্ণিত জেলাসমূহ কর্তৃক ৩০০টি ডিজিটাল স্কুল অব ফিউচার এবং ৯০০১টি আইসিটিডি ল্যাব এর অগ্রগতি প্রতিবেদন দাখিল করা হয়নি।**

| ক্রম | বিভাগ | জেলা | উপজেলা |
|---|---|---|---|
| 1 | ঢাকা | গাজীপুর | গাজীপুর সদর |
| 2 | ঢাকা | টাঙ্গাইল | গোপালপুর |
| 3 | বরিশাল | বরিশাল | মেহেন্দিগঞ্জ |
| 4 | ঢাকা | মাদারীপুর | শিবচর |

**সিদ্ধান্ত:**

৯.১। SOMS সফটওয়্যারের পরিদর্শন (Inspection) মডিউলে প্রতিবেদনসমূহের কার্যকর শ্রেণিবিন্যাস নিশ্চিতকরণের লক্ষ্যে “প্রধান কার্যালয়”, “আইসিটি শিক্ষা প্রতিষ্ঠান ল্যাব প্রকল্প” এবং “ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প (ইডিসি)” পৃথক ক্যাটাগরি হিসেবে সংযোজনপূর্বক প্রয়োজনীয় কারিগরি উন্নয়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।

৯.২। ৩০০টি ডিজিটাল স্কুল অব ফিউচার এবং ৯০০১টি আইসিটিডি ল্যাব এর হালনাগাদ তথ্য গঠিত কমিটি সংগ্রহ করত: রিপোর্ট পেশ করবে।

৯.৩। SOMS সফটওয়্যারের রিপোর্টিং সিস্টেমে দাখিলকৃত সুপারিশসমূহ বাস্তবায়নযোগ্য কিনা এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে:**

১। উপ-পরিচা ও ত কর্মকর্তাগণ

২।ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেট (সিস্টেম প্রশিক্ষণ)

৩। জে কার্যালয় (স জেলা)

৪। উপজে কার্যালয়, (স উপজেলা)

৫। সহব নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (প্রশাসন)

৬। প্রশাসনিক প্রকল্প সংগ্র পরিদর্শন সুপাা কমিটি

| | | | |
|---|---|---|---|
| ১০। | **বিভিন্ন দিবস উদ্‌যাপন সংক্রান্ত:**<br>১০.১। চলতি ২০২৬–২০২৭ অর্থবছরে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক নির্বাহক সংস্থা হিসেবে পূর্বের ধারাবাহিকতায় বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস, প্রতিযোগিতা, সম্মেলন এবং ইভেন্ট আয়োজন ও অংশগ্রহণের পরিকল্পনা বিষয়ে আলোচনা হয়। এ সময় নিম্নোক্ত সম্ভাব্য কার্যক্রমসমূহ সভায় উপস্থাপন করা হয়:<br><br>১। ২৮তম আন্তর্জাতিক রোবট অলিম্পিয়াডে অংশগ্রহণ (Vienna, Austria);<br>২। বিপিও সামিট বাংলাদেশ ২০২৬;<br>৩। টেক কার্নিভাল;<br>৪। Global Robotics & Innovation Competition (GRIC) ২০২৬, Turkey-এ অংশগ্রহণ;<br>৫। GITEX GLOBAL 2026 (Dubai)-এ অংশগ্রহণ;<br>৬। RoboBoat 2027 (USA)-এ অংশগ্রহণ;<br>৭। ফ্রিল্যান্সার সামিট (কেন্দ্রীয় ও জেলা পর্যায়) আয়োজন;<br><br>১০.২। ফ্রিল্যান্সার সামিট (কেন্দ্রীয় ও জেলা পর্যায়) আয়োজনের সার্বিক প্রস্তুতি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ সময় কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে অতিরিক্ত মহাপরিচালক (এডিজি)-কে আহ্বায়ক, জনাব তানভীর আহমেদ, সহকারী প্রোগ্রামার (প্রশাসন)-কে সদস্য, জনাব মোঃ জোনায়েদ সিদ্দিক, সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (প্রশাসন)-কে সদস্য এবং উপপরিচালক (অর্থ ও প্রশাসন)-কে সদস্য সচিব হিসেবে একটি কমিটি গঠনের বিষয়ে আলোচনা হয়।<br><br>১০.৩। ইভেন্টের সফল বাস্তবায়নের জন্য একটি বিস্তারিত কর্মপরিকল্পনা (Action Plan) ও কর্মসূচি (Programme Schedule) প্রণয়নের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করা হয়। একই সঙ্গে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব কন্ট্যাক্ট সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (BACCO) এবং অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার সঙ্গে সমন্বয় করে একটি Concept Note প্রস্তুতের বিষয়ে আলোচনা হয় | ১০.১। প্রস্তাবিত জাতীয় ও আন্তর্জাতিক ইভেন্টসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>১০.২। ফ্রিল্যান্সার সামিট আয়োজনের জন্য অতিরিক্ত মহাপরিচালক (এডিজি)-কে আহ্বায়ক, জনাব তানভীর আহমেদ, সহকারী প্রোগ্রামার (প্রশাসন)-কে সদস্য, জনাব মোঃ জোনায়েদ সিদ্দিক, সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (প্রশাসন)-কে সদস্য এবং উপপরিচালক (অর্থ ও প্রশাসন)-কে সদস্য সচিব হিসেবে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১০.৩। BPO Summit/Freelancer Summit আয়োজনের লক্ষ্যে কর্মপরিকল্পনা (Action Plan), কর্মসূচি (Programme Schedule) ও Concept Note প্রস্তুত করে BACCO এবং অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার সঙ্গে সমন্বয় করতে হবে। | ১। অতি[illegible] মহাপরিচালক<br>২। পরিচা[illegible] (অর্থ ও প্রশাস[illegible]<br>৩। উপ-পরিচা[illegible] (অর্থ)<br>৪। সহক[illegible] পরিচালক/ সহকারী প্রোগ্রামার, [illegible] শাখা। |

১১।

**প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের মোটর সাইকেল তথ্য হালনাগাদকরণ:**

১১.১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কর্মকর্তাগণের জন্য বরাদ্দকৃত মোটরসাইকেলের বর্তমান অবস্থা ও প্রাধিকার এবং এ বাহন সংক্রান্ত বিদ্যমান জটিলতা নিরসনের লক্ষ্যে গঠিত কমিটির সভা গত ১৯/০৫/২০২৬ তারিখ-এ অনুষ্ঠিত হয়। উক্ত সভা সিদ্ধান্তের প্রেক্ষিতে কার্যক্রম চলামান রয়েছে মর্মে আলোচনা হয়।

১১.২। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কর্মকর্তাদের মোটরসাইকেল সংক্রান্ত হালনাগাদ তথ্য নিম্নরূপঃ

| কর্মকর্তার নাম | বিভাগ | মোট বরাদ্দপ্রাপ্ত উপজেলা | তথ্য পাওয়া গিয়েছে | বর্তমানে অধিদপ্তরে ব্যবহৃত হচ্ছে | বর্তমানে জেলা/উপজেলা কার্যালয়ে | চুরি হয়েছে | অচল | ক্রয় করা হয়নি |
|---|---|---|---|---|---|---|---|---|
| জনাব প্রকৌশলী মোছা: উম্মে মারজিয়া | ঢাকা | ৯২ | ৯২ | ৮টি | ৮২ | ১টি | ১টি | ১টি |
| | বরিশাল | ৪০ | ৪০ | ১ | ৩৯ | ০ | ০ | ০ |
| জনাব সাব্বির হাসান মুরাদ | ময়মনসিংহ | ২৯ | ২৯ | ১ | ২৭ | ০ | ৩ | ১ |
| | সিলেট | ২৩ | ২৩ | ১ | ২০ | ২ | ৩ | ০ |
| জনাব কামরুজ্জামান | খুলনা | ৬৪ | ৫৭ | ৪ | ৪২ | ১ | ৮ | ০ |
| জনাব তানভীর আহমেদ | রাজশাহী | ৬৩ | ৬৩ | ১ | ৬১ | ০ | ৩ | ১ |
| জনাব হুসাইন মুহাম্মদ রিদওয়ান | রংপুর | ৫৯ | ৫৯ | ০ | ৫৮ | ১ | ০ | ০ |
| জনাব আশিক আকবর | চট্টগ্রাম | ৭৯ | ৭৪ | ১ | | | | |

১১.১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের যানবাহন ব্যবস্থাপনা সংক্রান্ত গাইডলাইন সরকারি যানবাহন অধিদপ্তরের নীতিমালা অনুযায়ী আগামী **এক মাসের মধ্যে** প্রস্তুত করে অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে।

১১.২। যেসব কর্মকর্তা নির্ধারিত সময়ের মধ্যে মোটরসাইকেল-সংক্রান্ত তথ্য দাখিল করেননি, তাদের নির্ধারিত সময়ে তথ্য প্রদানে ব্যর্থ হওয়ার কারণ সম্পর্কে ব্যাখ্যা তলব করতে হবে।

১১.৩। রেজিস্ট্রেশনবিহীন মোটরবাইকসমূহের তালিকা প্রস্তুত করে দ্রুত রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১১.৪। অধিদপ্তরের নষ্ট মোটরবাইকের তালিকা ও মেরামত ব্যয় নির্ধারণ করে মেরামতের ব্যবস্থা করতে হবে।

১১.৫। মাঠ পর্যায় থেকে প্রাপ্ত রিকুইজেশন/চাহিদা অনুযায়ী অব্যবহৃত মোটরবাইকসমূহ বিতরণের ব্যবস্থা করতে হবে।

১। উপ-পরিচা
(অর্থ)
২। সহব
প্রোগ্রামার (অর্থ
৩। হিসাব রক্ষ
(অর্থ)
৪। কমিটি

১২।

**বাজেট প্রণয়ন, বিভাজন, বরাদ্দ ও বাস্তবায়ন অগ্রগতি:**

১২.১। প্রধান, জেলা ও উপজেলা কার্যালয়ের বরাদ্দ, ব্যয়, অবশিষ্ট অর্থ এবং ব্যয়ের হার সংক্রান্ত বিষয়ে নিম্নবর্ণিত ছকের মাধ্যমে সভায় পর্যালোচনা ও আলোচনা করা হয়

| কার্যালয় | বরাদ্দ (টাকা) | ব্যয় (টাকা) | অব্যয়িত বরাদ্দ (টাকা) | ব্যয়ের হার (%) |
|---|---|---|---|---|
| প্রধান কার্যালয় | ১৫ কোটি ৬৯ লক্ষ ৬৭ হাজার | ১৩ কোটি ৯৬ লক্ষ ৫৬ হাজার | ১ কোটি ৭৩ লক্ষ ১১ হাজার | ৮৮.৯৭% |
| জেলা কার্যালয় | ১৪ কোটি ৮২ লক্ষ ৮৬ হাজার | ১২ কোটি ৬০ লক্ষ ৮২ হাজার | ২ কোটি ২২ লক্ষ ০৪ হাজার | ৮৫.০২% |
| উপজেলা কার্যালয় | ৪৮ কোটি ৬৪ লক্ষ ৪২ হাজার | ৪২ কোটি ৬০ লক্ষ ৪৫ হাজার | ৬ কোটি ০৩ লক্ষ ৯৭ হাজার | ৮৭.৫৮% |
| **সর্বমোট** | **৭৯ কোটি ১৬ লক্ষ ৯৫ হাজার** | **৬৯ কোটি ১৭ লক্ষ ৮৩ হাজার** | **৯ কোটি ৯৯ লক্ষ ১২ হাজার** | **৮৭.৩৮%** |

১২.১। অধিদপ্তরের বাজেট বাস্তবায়নের তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে এবং বাজেটের মোট বরাদ্দ, মাসিক অগ্রগতি, সামগ্রিক অগ্রগতি, সভায় উপস্থাপিত তথ্য, মোট ব্যয়, অব্যয়িত/বাতিলকৃত বরাদ্দসহ সংশ্লিষ্ট সকল তথ্য সংরক্ষণ ও উপস্থাপন করতে হবে।

১। অতিরি
মহাপরিচালক
২। পরিচা
(অর্থ ও প্রশাস
৩। উপ-পরিচা
(অর্থ)
৪। সহক
পরিচালক/
সহকারী
প্রোগ্রামার,
শাখা।

<table>
<tr>
<td>১৩।</td>
<td>অডিট আপত্তি:<br>১৩.১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ১৯ (উনিশ)টি এবং অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন প্রকল্পের ২২ (বাইশ)টিসহ সর্বমোট ৪১ (একচল্লিশ)টি Non-SFI অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে পৃথক ২ (দুই)টি দ্বিপক্ষীয় সভা আয়োজনের অনুরোধ জানিয়ে মহাপরিচালক, ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান ও প্রযুক্তি অডিট অধিদপ্তর বরাবর ১৪/০৭/২০২৬ তারিখে ২ (দুই)টি পৃথক পত্র প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।<br>উক্ত পত্রের পরিপ্রেক্ষিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ১৯ (উনিশ)টি Non-SFI অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ২১/০৭/২০২৬ তারিখ বেলা ০২:০০ ঘটিকায় একটি দ্বিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। সভায় আলোচনাক্রমে ২ (দুই)টি আপত্তি আংশিকভাবে নিষ্পত্তিসহ সর্বমোট ৭ (সাত)টি আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয় মর্মে আলোচনা করা হয়। আরো একটি সভা আয়োজনের নিমিত্ত অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত আছে।</td>
<td>১৩.১। দ্বিপক্ষীয় সভা আয়োজন করে অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>১। অতি<br>মহাপরিচাক<br>২। পরিচা<br>(অর্থ ও প্রশাস<br>৩। উপ-পরিচা<br>(অর্থ ও প্রশাস<br>৪। সহক<br>প্রোগ্রামার (অর্থ<br>৫। হিসাব রক্ষ<br>(অর্থ)<br>৩। অডিট নিষ্প<br>কমিটি</td>
</tr>
<tr>
<td>১৪।</td>
<td>Freelancing সংক্রান্ত:<br>১৪.১। জেলা ও উপজেলা পর্যায় থেকে ফ্রিল্যান্সারদের তথ্য সংগ্রহের লক্ষ্যে জেলা ভিত্তিক স্প্রেডশিট শেয়ার করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়।<br>১৪.২। ফ্রিল্যান্সিং সিস্টেম হালনাগাদকরণ কার্যক্রম চলমান রয়েছে এবং ড্যাশবোর্ডে সংশ্লিষ্ট তথ্য উপস্থাপন করা হচ্ছে মর্মে আলোচনা হয়।<br>১৪.৩। ফ্রিল্যান্সিং নীতিমালার ড্রাফট চূড়ান্ত করে আগামী ১ সপ্তাহের মধ্যে তা মহাপরিচালক মহোদয়ের নিকট উপস্থাপনের বিষয়ে সভায় আলোচনা হয়।<br>১৪.৪। ফ্রিল্যান্সারদের নিবন্ধন ও আইডি প্রদান সংক্রান্ত তথ্য নিয়মিত পরিসংখ্যান আকারে সংরক্ষণ ও প্রকাশের বর্তমান অবস্থা এবং ফ্রিল্যান্সিং সিস্টেম নিয়মিত হালনাগাদের মাধ্যমে তথ্যের নির্ভুলতা ও কার্যকারিতা বজায় রাখার বিষয়টি আলোচনা করা হয়। ফ্রিল্যান্সিং সিস্টেমে ফ্রিল্যান্সার নিবন্ধনের সর্বশেষ প্রাপ্ত তথ্য নিম্নরূপ:
<table>
<tr><th>আবেদন</th><th>অনুমোদিত আবেদন</th><th>বাতিলকৃত আবেদন</th><th>সর্বমোট ব্যবহারকারী</th></tr>
<tr><td>১৫৯৯১</td><td>৯৩০৪</td><td>৬৬০৫</td><td>৩৬১১৭</td></tr>
</table></td>
<td>১৪.১। আগামী ০৮ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে ফ্রিল্যান্সিং নীতিমালার খসড়া মহাপরিচালক মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে।<br><br>১৪.২। সংগ্রহকৃত তথ্যের ভিত্তিতে অদ্যাবধি প্রাপ্ত ১,৯৭৫ জন ফ্রিল্যান্সারের নিকট আগামী ০৮ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে ই-মেইল প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>১৪.৩। সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশন (BACCO) এর সাথে প্রয়োজনীয় তথ্য সমন্বয় করতে হবে।<br><br>১৪.৪। ফ্রিল্যান্সিং সিস্টেম নিয়মিত হালনাগাদ এবং ফ্রিল্যান্সার নিবন্ধন ও আইডি প্রদান সংক্রান্ত তথ্য পরিসংখ্যান আকারে উপস্থাপন করতে হবে।<br><br>১৪.৫। ফ্রিল্যান্সারদের উদ্বুদ্ধকরণে প্রয়োজনীয় প্রচার, বুস্টিং ও মোটিভেশনাল কার্যক্রম জোরদার করতে হবে।</td>
<td>১। সিস্টে<br>ম্যানেজার<br>২। নেটওয়<br>ইঞ্জিনিয়ার<br>(সিস্টেম<br>প্রশিক্ষণ)<br>৩। ওয়েবসা<br>এ্যাডমিনিস্ট্রেট<br>৪। সহক<br>প্রোগ্রামা (সিস্টে<br>ও প্রশিক্ষণ)<br>৫।<br>Freelanci<br>কমিটি</td>
</tr>
<tr>
<td>১৫।</td>
<td>Smart Office Management System (SOMS) এর কার্যক্রম:<br>১৫.১। ট্রেনিং ম্যানেজমেন্ট এবং ইনভেন্টোরি/অ্যাসেট ম্যানেজমেন্ট মডিউলের কার্যক্রম চলমান রয়েছে মর্মে আলোচনা হয়।<br><br>১৫.২। সকল পাবলিক প্রশিক্ষণের তথ্য সংরক্ষণযোগ্য এবং অভ্যন্তরীণ প্রশিক্ষণের তথ্য সংরক্ষণের কার্যক্রম আগামী ৩ থেকে ৪ কার্যদিবসের মধ্যে সম্পন্ন হতে পারে মর্মে সভায় আলোচনা হয়।<br><br>১৫.৩। ইন্সপেকশন মডিউলে চাহিদাকৃত ফিচারসমূহ সংযুক্ত করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়।</td>
<td>১৫.১। SOMS-এর কার্যকর ও সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>১। সিস্টে<br>ম্যানেজার<br>২। ওয়েবসা<br>এ্যাডমিনিস্ট্রেট<br>(সিস্টেম<br>প্রশিক্ষণ)<br>৩। SOM<br>উন্নয়ন<br>কার্যক্রম কমি</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১৬। | **<u>নির্বাচনী ইশতেহার অনুযায়ী ১৮০ দিনের কর্মসূচি:</u>**<br>১৬.১। নির্বাচনী ইশতেহার অনুযায়ী ১৮০ দিনের কর্মসূচির আওতায় তরুণ-তরুণীদের ফ্রিল্যান্সিং ও কর্মমুখী আইটি প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ২০০ জন নির্ধারণ করা হয়েছে। এর মধ্যে ১৬০ জনের প্রশিক্ষণ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট ২টি উপজেলার ৪০ জনের প্রশিক্ষণ চলমান রয়েছে মর্মে সভায় আলোচনা করা হয়।<br>১৬.২। ১৫টি উপজেলায় "উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র" এর নির্মাণ কাজ শতভাগ সম্পন্ন হয়েছে।<br>১৬.৩। ২০২৬ সালের ২৯ জুলাই পর্যন্ত দেশের বিভিন্ন প্রান্তে ৫,৭৪০টি প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে এবং আরও প্রায় ৫,০০০টি প্রতিষ্ঠানে সংযোগ স্থাপনের লক্ষ্যে ক্যাবল নেটওয়ার্কিং সম্পন্ন হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। | ১৬.১। ইন্টারনেট কানেক্টিভিটি ১৬ আগস্ট ২০২৬ এর মধ্যে লক্ষ্যমাত্রার শতভাগ নিষ্পত্তি করে এ অধিদপ্তরে প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br><br>১৬.২। প্রকল্পের পরামর্শকগণকে মাঠ পর্যায়ে প্রেরণ করে কার্যক্রমের অগ্রগতি তদারকি ও প্রয়োজনীয় সহায়তা নিশ্চিত করতে হবে।<br><br>১৬.৩। অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সম্পৃক্ত করে ঠিকাদারদের সঙ্গে সার্বিক সমন্বয় নিশ্চিত করতে হবে। | ১। প্র<br>পরিচালক |
| ১৭। | **<u>ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প:</u>**<br>**১৭.১। উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণঃ**<br>ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের অগ্রগতি পর্যালোচনায় জানানো হয় যে, প্রকল্পের আওতায় ৪০০টি উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্রের মধ্যে ৩৩৭টির দরপত্র আহবান করা হয়েছে, যার মধ্যে ৩২৫টি-র NOA প্রদান ও চুক্তি সম্পাদন করা হয়েছে। বর্তমানে ২২১টি উপজেলায় নির্মাণ কাজ চলমান এবং ১২০টি উপজেলার নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে নির্মাণকাজ সম্পন্নকৃত উপজেলাগুলোতে ফার্নিচার সরবরাহ কার্যক্রম চলমান রয়েছে। এলজিইডি কর্তৃক চলমান "উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র" নির্মাণ কার্যক্রমের বিষয়ে আগামী ডিসেম্বর ২০২৬ এবং জানুয়ারী ২০২৭ থেকে জুন ২০২৮ পর্যন্ত কর্ম পরিকল্পনা গ্যান্ট চার্টের মাধ্যমে প্রকল্প দপ্তরে প্রেরণ করা হয়েছে। "উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র" পরিচালনার জন্য Standard Operating Procedure (SOP) প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে।<br>১৭.২। End User Connectivity: দেশের ১,০৯,২৪৪টি সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের মধ্যে জুন ২০২৬ পর্যন্ত ৬১,০০০টি প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান করা হয়েছে। অবশিষ্ট কানেক্টিভিটি প্রদানের কার্যক্রম চলমান রয়েছে যা ৩১ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে সম্পন্ন করার কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বর্তমান সরকারের ১৮০দিন কর্মসূচীর সাথে সামঞ্জস্য রেখে প্রকল্পে নিয়োজিত ৩৬টি আইএসপি প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে কর্মপরিকল্পনা বাস্তবায়ন কার্যক্রম চলমান। এ ছাড়া, অবশিষ্ট কানেক্টিভিটি প্রদানে সার্বিক সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট অধিদপ্তর/বিভাগ/মন্ত্রণালয়ে সচিব মহোদয়কে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব মহোদয় কর্তৃক "ডিও লেটার" প্রেরণ করা হয়েছে।<br>End User Connectivity প্রদান এবং পরবর্তীতে নেটওয়ার্ক অবকাঠামো সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণ ও নিরবচ্ছিন্ন ইন্টারনেট সেবা তদারকির জন্য সহকারী প্রোগ্রামার/ প্রোগ্রামারগণকে অন্তর্ভুক্ত করে একটি কমিটি গঠনের মাধ্যমে প্রকল্পের আওতায় প্রদানকৃত End User Connectivity এর সেবার গুণগত মান নিশ্চিতকরণের জন্য হেল্প ডেস্ক-এর মাধ্যমে কার্যক্রম পরিচালনা করার প্রয়োজনীয়তা সভায় পুনর্ব্যক্ত করা হয়েছে।<br>বর্তমানে প্রকল্পের আওতায় ৩৭টি প্যাকেজের মধ্যে ৩৬টি প্যাকেজে End User Connectivity প্রদান কার্যক্রম চলমান রয়েছে। অবশিষ্ট প্যাকেজের আওতায় কুমিল্লা-চাঁদপুর জেলার কানেক্টিভিটি প্রদানের জন্য প্রস্তাব আহবানের কার্যক্রম চলমান রয়েছে।<br>প্রকল্পের পরামর্শকগণের প্রতি মাসের Time Sheet সংরক্ষণ করা হচ্ছে। প্রকল্পের বিভিন্ন কম্পোনেন্টের জন্য নিয়োজিত পরামর্শকগণ নিজ নিজ দায়িত্বের পাশাপাশি End User Connectivity এবং উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্রের নির্মাণ কাজ তদারকি দায়িত্ব পালনের জন্য অফিস আদেশ জারি করা হয়েছে এবং সে অনুযায়ী পরামর্শকগণ দায়িত্ব পালন করছেন। | ১৭.১। গঠিত কমিটি কর্তৃক আগামী ৩০-০৮-২০২৬ তারিখের মধ্যে "উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র" পরিচালনার জন্য Standard Operating Procedure (SOP) এর চূড়ান্ত খসড়া উপস্থাপন করতে হবে।<br><br>১৭.২। কর্মপরিকল্পনার অনুযায়ী End User Connectivity প্রদানের কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।<br><br>১৭.৩। End User Connectivity প্রদান এবং পরবর্তীতে নেটওয়ার্ক অবকাঠামো সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণ ও নিরবচ্ছিন্ন ইন্টারনেট সেবা তদারকির জন্য সহকারী প্রোগ্রামার/ প্রোগ্রামারগণকে অন্তর্ভুক্ত করে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন শাখা কর্তৃক একটি কমিটি গঠন করতে হবে এবং পরিকল্পনা ও উন্নয়ন শাখা কর্তৃক কমিটির কার্যক্রম পর্যালোচনা করতে হবে।<br><br>১৭.৪। কুমিল্লা ও চাঁদপুর জেলার জন্য আইএসপি প্রতিষ্ঠান নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। প্র<br>পরিচালক<br>২।পরিচালক (পরিকল্পনা উন্নয়ন) |

| | | | |
|---|---|---|---|
| ১৮। | **শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়):**<br>১৮.১। চুক্তি অনুযায়ী অপরিশোধিত অর্থ পরিশোধের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হয়। এ সময় জানানো হয় যে, PPR-2008 অনুযায়ী চুক্তির মেয়াদ বৃদ্ধি করা হয়েছে এবং কাজ সম্পাদনকারী বিভিন্ন ভেন্ডর প্রতিষ্ঠানের জমাকৃত Performance Security ধাপে ধাপে ফেরত প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ইতোমধ্যে ০১ (এক) বছর বৃদ্ধি করা হয়েছে। একই সঙ্গে অতিরিক্ত ২,০০০টি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাব স্থাপনের লক্ষ্যে ডিপিপি সংশোধনের জন্য ইতিমধ্যে আইসিটি বিভাগের পরিকল্পনা ও উন্নয়ন শাখায় প্রেরণ করা হয়েছে মর্মে আলোচনা হয়।<br>এছাড়াও অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন শাখার মাধ্যমে প্রকল্প সংক্রান্ত পিআইসি (PIC) সভাসহ অন্যান্য কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনের বিষয়ে আলোচনা হয়, যাতে ভবিষ্যতে প্রকল্প-সংক্রান্ত তথ্য সহজে অনুসন্ধান ও রেফারেন্স করা যায়। | ১৮.১। রিপোর্ট সংগ্রহের ক্ষেত্রে কমিটি বিভাগ ভিত্তিক ভাগ করে ল্যাবের হালনাগাদ তথ্য সংগ্রহের কাজে প্রয়োজনীয় সহযোগিতা করবে।<br><br>১৮.২। আগামী এক সপ্তাহের মধ্যে সকল পর্যায়ের কমিটি তথ্য প্রতিবেদন আকারে উপস্থাপন করতে হবে। | ১। প্র<br>পরিচালক<br>২। উপ-প্র<br>পরিচালক |
| ১৯। | **বিবিধঃ**<br>১৯.১। অধিদপ্তরের কার্যক্রম সুনির্দিষ্টকরণের লক্ষ্যে প্রস্তুতকৃত খসড়ার বিষয়ে অতিরিক্ত মহাপরিচালকের নেতৃত্বে আলোচনা সভা সংঘঠিত হয়েছে এবং এ প্রেক্ষিতে প্রণীত খসড়াটি বর্তমানে পর্যালোচনাধীন রয়েছে। এ বিষয়ে গঠিত কমিটির কার্যক্রমের অগ্রগতির পর্যালোচনা করা হয়। কর্মপরিধি অনুযায়ী খসড়াটি চূড়ান্ত করার লক্ষ্যে চলতি সপ্তাহে আরো একটি সভা আয়োজন করে প্রয়োজনীয় মতামত গ্রহণ এবং পরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা হয়।<br>১৯.২। Freelancing, Outsourcing, and Market Development Project (FREEDOM) শীর্ষক নতুন একটি প্রকল্পের কনসেপ্ট নোট মহাপরিচালক মহোদয়ের সদয় নির্দেশনা মোতাবেক প্রস্তুত করা হচ্ছে। এ লক্ষ্যে প্রকল্পের প্রাথমিক কম্পোনেন্টসমূহ চিহ্নিত করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। | **১৯.১। অধিদপ্তরের কার্যক্রম সুনির্দিষ্টকরণের খসড়া পর্যালোচনা সম্পন্ন করে দ্রুত চূড়ান্ত করতে হবে।**<br><br>১৯.২। নতুন ফ্রিল্যান্সার ও উদ্যোক্তা তৈরির লক্ষ্যে একটি নতুন প্রকল্প গ্রহণের উদ্যোগ নিয়ে ২ (দুই) সপ্তাহের মধ্যে কনসেপ্ট নোট ও খসড়া ডিপিপি প্রণয়ন করতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক<br>২। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |

২। সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে তাদের দায়িত্ব যথাযথভাবে পালন এবং প্রত্যেক মাসের ১০ তারিখের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রশাসন শাখার সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রেরণের অনুরোধ জানান। এছাড়া, গঠিত কমিটিসমূহকে তাদের কার্যক্রমের বর্তমান (Current Status) অগ্রগতি প্রতিবেদনও প্রতি মাসের ১০ তারিখের মধ্যে দাখিল করার নির্দেশনা প্রদান করেন। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩-০৮-২০২৬
মোহাম্মদ সাইফুল হাসান
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : +৮৮ ০২-৪১০২৪০৭২
ফ্যাক্স : +৮৮ ০২-৫৫০০৬৮৮২
ইমেইল : dg@doict.gov.bd

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০৪.০০০০.০০০.০০৮.০৬.০০৩২.১৮.৬৫৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালক এর দপ্তর, ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প (ইডিসি)।
২। প্রকল্প পরিচালক , প্রকল্প পরিচালকের দপ্তর, শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)।
৩। প্রধান কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

৪। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৫। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৬। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৬-০৮-২০২৬
মো: আরিফুর রহমান
উপপরিচালক